DEC 1 4 2000

দৈনিক জনকণ্ঠ

তারিখ ........
পৃষ্ঠা ৬ কলাম ৪

২৪

# অনার্সে ভর্তি কোটার দাবিতে বগুড়া আযিযুল হক কলেজে ভাংচুর ॥ অধ্যক্ষ ও অফিস কক্ষে তালা

**বগুড়া, ১৩ ডিসেম্বর, নিজস্ব সংবাদদাতা ঃ** ভর্তি পরীক্ষার কোটা নিয়ে বুধবার বগুড়া সরকারী আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজে ককটেলবাজি ও ভাঙচুর হয়েছে। একটি ছাত্র সংগঠন এক্ষেত্রে তাদের কোটা দাবি করে। কিন্তু ভর্তি পরীক্ষার ফলাফলে তাদের সুপারিশ, তথা কোটা কার্যকর না হওয়ায় বুধবার বেলা সাড়ে ১১টার দিকে ৬/৭টি ককটেল বিস্ফোরিত হলে কলেজে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে ভীতি ছড়িয়ে পড়ে। বিক্ষুব্ধ ছাত্ররা পরবর্তীতে অধ্যক্ষের কক্ষসহ অফিসের কক্ষে তালা লাগিয়ে দেয়।

## *পুলিশ লাইন স্কুলে তালা*

বগুড়া পুলিশ লাইন স্কুলে তালা ঝুলিয়ে দিয়ে শিক্ষকদের ঢুকতে দেয়া হচ্ছে না বলে স্কুলের শিক্ষক-শিক্ষিকারা অভিযোগ করেছেন। তবে পুলিশ সুপার এ অভিযোগটি অস্বীকার করে বলেছেন, পুলিশ লাইনের নিরাপত্তাজনিত কারণে শুধু পিছনের গেটে তালা লাগিয়ে দেয়া হয়েছে। স্কুলের শিক্ষকমণ্ডলী ও পুলিশ প্রশাসন স্পষ্টভাবে বিরোধে জড়িয়ে পড়ায় শিক্ষার্থী, শিক্ষকসহ অন্যরা চিন্তিত হয়ে পড়েছেন।

এদিকে স্কুলের প্রধান শিক্ষকসহ স্কুলের শিক্ষকরা বুধবার প্রেসক্লাবে সাংবাদিকদের কাছে জানান, পুলিশ প্রশাসন প্রধান শিক্ষকের স্কুলে প্রবেশের ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ ও গ্রেফতারের হুমকি দিয়েছে। শিক্ষকরা এক সভায় এই ঘটনার নিন্দা প্রকাশ করেন।